IM গোপনীয়তা নীতি

এই Ipsos MORI সমীক্ষা এবং আপনার ব্যক্তিগত তথ্য

- ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার এভিডেন্স অন ইক্যুয়ালিটি ন্যাশনাল সার্ভে: সংকটকালীন সময়ে ধর্মীয় ও জাতিগত সংখ্যালঘুদের জীবন তুলে ধরা (20-089809-01)
- এই গোপনীয়তা বিজ্ঞপ্তিতে আমরা কে, আমরা কী ব্যক্তিগত তথ্য সংগ্রহ করি, কীভাবে তা ব্যবহার করি, আমরা কাদের সাথে এটি শেয়ার করি এবং আপনার আইনি অধিকারসমূহ কী তা ব্যাখ্যা করা হয়। এতে সংক্ষিপ্ত নিয়োগ জরিপ এবং দীর্ঘ মূল জরিপ উভয়ই আছে।
- আপনি যে সকল ব্যক্তিগত ডাটা তাদেরকে দিতে সম্মত হন, সেগুলো তারা কীভাবে কাজে লাগাবে তার বিশদ জানার জন্য অনুগ্রহ করে ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার -এর অংশগ্রহণ সংক্রান্ত তথ্যের শীট এবং গোপনীয়তা নীতি দেখুন। এই তথ্যটি আমাদের জরিপ সহায়তা পেজে পাওয়া যাবে: evenssurveyinfo@ipsos-mori.com। আপনি যদি টেলিফোনের মাধ্যমে জরিপটি সম্পন্ন করেন, তাহলে আপনি জরিপে অংশ নেওয়ার আগে তথ্যটি পড়ে শোনানোর জন্য অনুরোধ করতে পারেন।

Ipsos MORI সম্পর্কে

- মার্কেট অ্যান্ড ওপিনিয়ন রিসার্চ ইন্টারন্যাশনাল লিমিটেড হলো যুক্তরাজ্য ভিত্তিক একটি বিশেষজ্ঞ গবেষণা সংস্থা, যেটি সাধারণত "Ipsos MORI" নামে পরিচিত। Ipsos MORI ইপসোস বিশ্বব্যাপী কোম্পানির গোষ্ঠীর অংশ এবং মার্কেট গবেষণা সোসাইটির একটি সদস্য। যেমন আমরা মার্কেট গবেষণা সোসাইটির আচরণ বিধি এবং সংশ্লিষ্ট আইন ও নির্দেশিকাসমূহ মেনে চলি।

ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার সম্পর্কে

- ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার 1824 সালে প্রতিষ্ঠিত হয়েছিল এবং এটি ব্রিটেনের বৃহত্তম একক-সাইট থাকা বিশ্ববিদ্যালয়। বিভিন্ন রকমের ডিগ্রী প্রোগ্রাম এবং বিকল্প প্রদানের পাশাপাশি, বিশ্ববিদ্যালয়টি জননীতি সূচিত করার জন্য জাতীয় এবং আন্তর্জাতিক মানের গবেষণা সম্পর্কিত অসংখ্য কর্মসূচি প্রদান ও পরিচালনা করে।

আপনার ব্যক্তিগত ডাটা প্রক্রিয়াকরণের জন্য Ipsos MORI এবং ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার –এর আইনি ভিত্তি কী?

- আপনার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণ করার জন্য Ipsos MORI এবং ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার ("ক্লায়েন্ট") –এর একটি আইনি ভিত্তি থাকতে হবে।
  - প্রক্রিয়াকরণের জন্য Ipsos MORI –এর আইনি ভিত্তি হলো এই গবেষণা জরিপে অংশ নেওয়ার ব্যাপারে আপনার সম্মতি এবং ক্লায়েন্টকে আপনার ব্যক্তিগত ডাটা হস্তান্তর করার ব্যাপারে আপনার সম্মতি। আপনি যে কোনও সময় আপনার সম্মতি প্রত্যাহার করতে চাইলে, 'আপনার অধিকার' বিভাগে কী কী কভার করা হচ্ছে তার জন্য নিচে দেখুন।

- আপনার ডাটা প্রক্রিয়াকরণের জন্য ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার –এর আইনি ভিত্তি হলো জনস্বার্থ (জিডিপিআর -এর অনুচ্ছেদ 6)। এর মানে হলো গবেষকরা ফলাফলগুলো অধিকতর উন্নতির জন্য সমাজে পরিবর্তন আনতে সহায়তা করার জন্য প্রমাণ তৈরি করতে ব্যবহার করবেন।

আপনার প্রদান করা সমীক্ষার উত্তর সহ যেকোনও ব্যক্তিগত তথ্য Ipsos MORI কীভাবে ব্যবহার করবে?

- প্রথমত, Ipsos MORI আপনার ব্যক্তিগত ডাটা এবং উত্তরগুলো এই প্রাইভেসি নোটিস (গোপনীয়তা বিজ্ঞপ্তি) অনুসারে কঠোর গোপনীয়তার মধ্যে রাখবে এবং আপনি সম্মতি জানালে কেবল ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার আপনাকে সনাক্ত করতে পারবে (মূল জরিপের শেষ দিকে আপনাকে জিজ্ঞাসা করা হবে আপনি এটি করতে ইচ্ছুক কিনা)। এর একমাত্র ব্যতিক্রম হল যদি আপনি যদি কোনো টেলিফোন ইন্টারভিউয়ের সময় বা আমাদের মেইলবক্সে ইমেইল প্রেরণের মাধ্যমে এমন কোন তথ্য প্রকাশ করেন যা বোঝায় যে আপনি নিজের বা অন্যের ক্ষতি করতে চান; তখন এটি নিয়ে আপনার সাথে আলোচনা করা হবে এবং পরবর্তী পদক্ষেপ - পুলিশ, অ্যাম্বুলেন্স বা সোশ্যাল সার্ভিসগুলোর সাথে যোগাযোগ করা - নেওয়ার দরকার হতে পারে।
- নিয়োগ জরিপ এবং মূল জরিপ উভয়টিতেই জবাব দেওয়া সম্পূর্ণরূপে স্বেচ্ছাপ্রণোদিত এবং যেকোনো উত্তর আপনার সম্মতিতে দেওয়া হবে এবং যেকোনো সময়ে সম্মতি প্রত্যাহারের অধিকার আপনার রয়েছে।
- **নিয়োগ জরিপ:**
    - নিয়োগ জরিপের শুরুতে, আপনি নিম্নলিখিত ব্যক্তিগত ডাটা প্রদান করতে সম্মত আছেন কিনা তা আপনাকে জিজ্ঞাসা করা হবে: বয়স, লিঙ্গ, অবস্থান, জাতি এবং ধর্ম। এই ডাটা কেবল গবেষণার উদ্দেশ্যেই ব্যবহৃত হবে এবং Ipsos MORI এবং ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার এর বাইরের কারো কাছে হস্তান্তর করা হবে না।
    - আপনি যদি অনলাইনে অংশ নেন এবং মূল জরিপ চালিয়ে যাওয়ার যোগ্য হন, তাহলে আমরা আপনাকে জরিপের লিংকগুলো পাঠানোর জন্য, আপনার অনুমতি/সম্মতি সহকারে, একটি ইমেইল অ্যাড্রেস চাইবো। এই প্রশ্নে আপনার প্রদত্ত যোগাযোগের বিবরণ কেবল এই উদ্দেশ্যেই ব্যবহার করা হবে এবং Ipsos MORI -এর বাইরের কাউকে তা দেওয়া হবে না।
- **মূল জরিপ:**
    - মূল জরিপের শুরুতে, আপনার কাছে আবারো নিম্নলিখিত ব্যক্তিগত ডেটা প্রদান করার ব্যাপারে সম্মতি চাওয়া হবে: লিঙ্গ, বয়স, জাতি, ধর্ম, বৈবাহিক অবস্থা, যৌন প্রবণতা, জন্মভূমি এবং পোস্টাল কোড। মূল জরিপের শেষের দিকে আমরা আপনার অনুমতি/সম্মতিতে যোগাযোগের বিশদ জানতে চাইবো, যাতে ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার এর গবেষকরা আপনাকে ইমেইল, পোস্ট বা টেক্সট মেসেজের মাধ্যমে ভবিষ্যতের গবেষণাগুলোতে অংশ নিতে আমন্ত্রণ জানাতে পারেন। গবেষণায় দেওয়া আপনার উত্তর এবং আপনার যোগাযোগের বিবরণ উভয়টিই কেবল গবেষণার উদ্দেশ্যেই ব্যবহৃত হবে এবং Ipsos MORI

এবং ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার এর বাইরের কারো কাছে হস্তান্তর করা হবে না।

  - জরিপের শেষে, আমরা যোগাযোগের বিবরণ জানতে চাইবো, যাতে আমরা আপনাকে ধন্যবাদ স্বরূপ একটি গিফট ভাউচার কার্ড পাঠাতে পারি। এই প্রশ্নে আপনার প্রদত্ত যোগাযোগের বিবরণ কেবল এই উদ্দেশ্যেই ব্যবহার করা হবে এবং Ipsos MORI -এর বাইরের কাউকে তা দেওয়া হবে না।
  - আপনি যদি নিয়োগ জরিপে অংশ না নিয়ে থাকেন, তাহলে আমরা আপনার বন্ধু-বান্ধব এবং পরিবারের জন্য আপনাকে রেফারেল জরিপের লিংক পাঠাতে একটি ইমেইল অ্যাড্রেস চাইতে পারি। এই প্রশ্নে আপনার প্রদত্ত যোগাযোগের বিবরণ কেবল এই উদ্দেশ্যেই ব্যবহার করা হবে এবং Ipsos MORI -এর বাইরের কাউকে তা দেওয়া হবে না।

আমার ব্যক্তিগত তথ্য নিরাপদ রয়েছে তা Ipsos MORI কীভাবে নিশ্চিত করবে?

- Ipsos MORI তার তথ্য নিরাপত্তার দায়বদ্ধতা গুরুত্ব সহকারে গ্রহণ করে এবং আপনার তথ্য হারিয়ে যাওয়া, চুরি বা অপব্যবহার হওয়ার থেকে সুরক্ষিত তা নিশ্চিত করার জন্য বিভিন্ন সতর্কতা গ্রহণ করে। নিরাপত্তার সতর্কতাতে অফিসের যথাযথ বাস্তব নিরাপত্তা এবং কম্পিউটার সিস্টেমে নিয়ন্ত্রিত এবং সীমিত অ্যাক্সেস অন্তর্ভুক্ত।
- আপনার যোগাযোগের বিবরণ এবং স্বতন্ত্র উত্তরগুলো আমাদের সুরক্ষিত এনক্রিপ্ট করা ডাটা সার্ভারগুলো ব্যবহার করে পৃথকভাবে সংরক্ষণ করা হবে এবং কেবল Ipsos MORI –এর মনোনীত গবেষকরা আপনার ডাটায় প্রবেশ করতে পারবেন।
- Ipsos MORI –এর তথ্যের সুরক্ষা নিয়ন্ত্রণ এবং কার্য প্রণালীগুলোর নিয়মিত অভ্যন্তরীণ এবং বাহ্যিক নিরীক্ষণ হয়ে থাকে এবং এটি ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড ফর ইনফরমেশন সিকিউরিটি, আইএসও 27001 -এ স্বীকৃতিপ্রাপ্ত।

Ipsos MORI কতদিন ধরে আমার ব্যক্তিগত তথ্য ও শনাক্তকরণযোগ্য উত্তর রক্ষা করবে?

- Ipsos MORI কেবল এমন উপায়ে আপনার ব্যক্তিগত ডাটা ধরে রাখবে, যা গবেষণা প্রকল্প এবং প্রাপ্ত ফলাফলগুলোতে সহায়তা করার জন্য যতক্ষণ প্রয়োজন ততক্ষণ আপনাকে সনাক্ত করতে পারবে। এই প্রকল্পের জন্য, এর অর্থ হলো:
  - জরিপের লিংক সমূহ এবং গিফট ভাউচার পাঠানোর উদ্দেশ্যে সংগৃহীত যোগাযোগের বিবরণগুলো Ipsos MORI কেবল 31 জুলাই 2021 পর্যন্ত ধরে রাখবে এবং Ipsos MORI –এর বাইরের কারো কাছে হস্তান্তর করা হবে না।
  - আপনাকে ভবিষ্যতের গবেষণাগুলোতে অংশ নিতে আমন্ত্রণ জানানোর উদ্দেশ্যে সংগৃহীত যোগাযোগের বিবরণগুলো, ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার -এর গবেষকদের কাছে ডাটা হস্তান্তরিত হয়ে যাওয়ার পর Ipsos MORI কেবল 31 জুলাই 2021 পর্যন্ত ধরে রাখবে।

- আপনি যে সকল ব্যক্তিগত ডাটা দিতে সম্মত হয়েছেন, সেগুলো তারা কতদিন পর্যন্ত ধরে রাখবে তার বিশদ জানার জন্য অনুগ্রহ করে ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার -এর অংশগ্রহণ সংক্রান্ত তথ্যের শীট এবং গোপনীয়তা নীতি দেখুন।

আপনার অধিকারসমূহ।

- Ipsos MORI তে রয়েছে এমন সীমিত সময়ের মধ্যে আপনার ব্যক্তিগত তথ্য অ্যাক্সেস করার অধিকার আপনার রয়েছে। Ipsos MORI কর্তৃক 17 মে 2021 তারিখে ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার-কে প্রদানের জন্য ডেটা প্রক্রিয়াগত করার আগে যে কোনও সময়ে আপনার জরিপে দেওয়া উত্তরগুলো প্রক্রিয়াগত করায় আপনি আপত্তি জানাতে পারেন।
- আপনি যদি ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার আপনার সম্পর্কে যেসব ডাটা রেখেছে সে সম্পর্কে তাদের সাথে যোগাযোগ করতে চান, তাহলে নিচে তাদের যোগাযোগের বিবরণটি দেখুন।
- এই সমীক্ষায় উত্তর প্রদান করা সম্পূর্ণরূপে নিজের ইচ্ছার উপর নির্ভর করছে এবং আপনার সম্মতি নিয়েই তা করা হয়। আপনার সম্মতি প্রত্যাহারের অধিকার আপনার রয়েছে।
- আমাদের কাছে রয়েছে আপনার এমন কোনও ভুল বা পুরানো ব্যক্তিগত তথ্য সংশোধন করার অধিকারও রয়েছে।
- আপনি যদি আপনার অধিকার প্রয়োগ করতে চান, তাহলে অনুগ্রহ করে নিচের Ipsos MORI –এর যোগাযোগের বিবরণের মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করুন।
- আমরা আপনার ব্যক্তিগত তথ্য কীভাবে প্রযুক্তিকরণ করেছি তার বিষয়ে আপনার যদি উদ্বেগ থেকে থাকে তবে আপনার তথ্য কমিশনারের অবিস (ICO)-এর কাছে অভিযোগ জমা দেওয়ার অধিকার আছে। আপনি Information Commissioner's Office এর ওয়েবসাইট https://ico.org.uk/global/contact-us/ গিয়ে অথবা: casework@ico.org.uk ঠিকানায় একটি ইমেইল পাঠিয়ে কীভাবে যোগাযোগ করা যাবে তা সম্বন্ধে আপনি বিশদ পেতে পারেন।

আমার ব্যক্তিগত তথ্য কোথায় রাখা ও প্রক্রিয়াকরণ করা হবে?

- এই জরিপের জন্য ব্যবহৃত এবং সংগৃহীত আপনার সমস্ত ব্যক্তিগত ডাটা যুক্তরাজ্য এবং ইউরোপিয়ান ইউনিয়নে সংরক্ষণ এবং প্রক্রিয়াকরণ করা হবে।

এই জরিপ এবং/অথবা আমার ব্যক্তিগত ডাটা সম্পর্কে আমি Ipsos MORI এবং ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার এর সাথে কীভাবে যোগাযোগ করতে পারি?

- **Ipsos MORI-এর সাথে যোগাযোগ করুন:**

ইমেইল করুন: compliance@ipsos.com ইমেইলের বিষয়ের লাইনে 20-089809-01 CoDE University of Manchester EVENS survey সহ

পোস্ট:
20-089809-01 CoDE University of Manchester EVENS survey
Data Protection Officer
Compliance Department
Market and Opinion Research International Limited
3 Thomas More Square
London E1W 1YW
United Kingdom

- **ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার-এর সাথে যোগাযোগ করুন:**

ইমেইল: dataprotection@manchester.ac.uk

পোস্ট:
Evidence for Equality National Survey (EVENS)
Data Protection Officer
The Information Governance Office
Christie Building
The University of Manchester
Oxford Road
M13 9PL
যুক্তরাজ্য